

জীবনাবসান

এস ইউ সি আই (সি)-র মুর্শিদাবাদ জেলার রানিনগর লোকাল কমিটির সদস্য এবং এ আই ইউ টি ইউ সি-র জেলা কমিটির সদস্য কমরেড কাবাতুল্লা মোল্লা ৬ মে হৃদরোগে আক্রান্ত হয়ে মাত্র ৫৪ বছর বয়সে আকস্মিক মৃত্যু-বরণ করেন। তাঁর মৃত্যু সংবাদে এলাকায় গভীর শোকের ছায়া নেমে আসে।

কমরেড কাবাতুল্লা মোল্লা আটের দশকে এস ইউ সি আই (সি) দলের সাথে যুক্ত হন। দারিদ্রের সাথে কঠোর কঠিন লড়াই করেও তিনি হাসিমুখে পার্টির দেওয়া সকল দায়িত্ব পালন করতেন। মৃত্যুর দিন সকালেও তিনি কেন্দ্র ও রাজ্য সরকারের জনবিরোধী নীতির বিরুদ্ধে ২৪ মে-র মহামিছিলের দেওয়াল লিখনে ব্যস্ত ছিলেন। বিড়ি শ্রমিক, ভ্যান শ্রমিক সহ বিভিন্ন স্তরের শ্রমজীবী মানুষের সাথে তাঁর নিবিড় সম্পর্ক ছিল। তাঁর মৃত্যুসংবাদ পাওয়ার সাথে সাথে লোকাল কমিটির সদস্য, আবেদনকারী সদস্য, সমর্থক-দরদি ও অসংখ্য সাধারণ মানুষ ছুটে আসেন শ্রদ্ধা জানাতে। দলের জেলা কমিটির কয়েকজন সদস্যও তাঁকে শ্রদ্ধা জানান।

কমরেড কাবাতুল্লা মোল্লা লাল সেলাম